## অক্টোবর/২০১৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ২১ অক্টোবর, ২০১৫।
সময় ঃ দুপুর ১২.০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার কে সভা পরিচালনার জন্য অনুরোধ করা হলো। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাকিভাবে চলছে। হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা উন্নয়নে কাজ করছি। শিগ্রই পরিস্থিতির উন্নতি হবে মর্মে সভায় জানান। | হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা কে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। তিনি বলেন "আপন" নামের একটি নতুন জন্ম বিরতিকরণ পিল এসেছে। বুকের দুধ খাওয়াচ্ছেন এমন মায়েদের জন্য এই পিল বিশেষভাবে প্রস্তুত করা হয়েছে। বাজারে এটি মিনি পিল নামে বিক্রয় হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার এই ঔষধটি সম্পর্কে ব্যাপক প্রচারের জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান। | "আপন" নামের একটি নতুন জন্ম বিরতিকরণ পিল টির বিষয়ে ব্যপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলা প.প. কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ৩ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট ক | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, কৃষি বিভাগের নতুন ভবন মাননীয় সংসদ সদস্য আজ শুভ উদ্বোধন করবেন। রোপা আমন ধান আবাদ বৃদ্ধির লক্ষ্যে ১৪০০ হেক্টর উফসী এবং ১০০ হেক্টর স্থানীয় জাত আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। খরিপ-২ মৌসুমে রোপা আমন আবাদ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী হাতে নেয়া হয়েছে। চলতি রবি মৌসুমে ২৫০০ হেক্টর জমিতে সবজি, ৪৫০ হেক্টর জমিতে সরিষা, ৮৫০০ হেক্টর জমিতে বোরো ধান আবাদের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। তিনি আরো বলেন রাসায়নিক সারের পর্যাপ্ত মজুদ আছে এবং তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | ফসল আবাদের ক্ষেত্রে কৃষককে যথাযথ পরামর্শদেয়া ও মনিটরিং করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় মা ইলিশ সংরক্ষণ পক্ষ সফলভাবে পালিত হয়েছে। হাট বাজার সমূহ পরিদর্শন করে ১৪ কেজি ইলিশ জব্দ করা হয়েছে। জব্দকৃত মাছ বিভিন্ন এতিমখানায় বিতরন করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জনান যে, তাঁর দাপ্তরিক কাজ যথাযথ চলছে। কোরবাণীর পশুর হাট গুলোর তদারক সফলভাবে সম্পন্ন হয়েছে। তিনি তাঁর দপ্তরের রাত্রিকালীন নিরাপত্তার বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা প্রণিসম্পদ অফিস ও হাসপাতালের পানির পাম্প মেরামত করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি জানান কেন্দ্রীয়ভাবে পানি সরবরাহের একটি প্রকল্প প্রক্রিয়াধীন আছে। পাম্প মেরামতের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | স্থানীয় সরকার মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক রাত্রিকালীন পাহারার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। পাম্প মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | প্রাণিসম্পদ কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, টিআর- | উপজেলা রিলিভ গোডাউন | উপজেলা প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | কাবিখার বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ পাওয়া সাপেক্ষে নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা রিলিফ গোডাউন কাম অফিস বিল্ডিং নির্মাণের জন্য ৫০X৭০ আয়তনের জমির প্রয়োজন মর্মে তিনি সভায় জানান। মাস্টার প্লান অনুযায়ী স্থান নির্বাচন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে পরামর্শ দেয়া হয়। | কাম অফিস বিল্ডিং নির্মাণের জন্য ৫০X৭০ আয়তনের জমির স্থান নির্বচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | বাস্তবায়ন কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রতিনিধি জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে শিল্পকলা একাডেমীর সহযোগীতায় সাংস্কৃতিক প্রতিযোগিতায় সফল ভাবে সম্পন্ন হয়। কিছু কিছু বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কার্যক্রম বন্ধ আছে। কিছুদিনের মধ্যে নতুন বছরের বই আসা শুরু করবে। সভায় ওয়াশ ব্লকের কাজ ও বই রাখা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ওয়াশ ব্লকের কর্যক্রম দ্রুত সম্পন্নের জন্য উপ সহকারী প্রককৌশলী জনস্বাস্থ্য বিভাগকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার/ উপ সহকারী প্রককৌশলী জনস্বাস্থ্য |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ০১ নভেম্বর থেকে জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হবে। সুষ্ঠু সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষ গ্রহণে সকলের সহযোগিতা কামনা করেন। কোরিয়া সরকারের সহযোগিতায় কম্পিউটার ল্যাব ও ভবন নির্মাণ কাজ কিছু দিনের মধ্যে শুরু হবে। | সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সম্পন্নের জন্য কার্যকর পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ভবনের জায়গা মাস্টার প্ল্যান অনুযায়ী নির্ধারনের সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা প্রকৌশলী। |
| ১০ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এধারা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাজসেবা কর্মকর্তা। |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় কার্যক্রম শতভাগ এবং খেলাপী ঋণ আদায়ে জোর প্রচেষ্টা চলছে। প্রতি বছর জুলাই ও জানুয়ারি মাসে বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শুরু হয়। আগ্রহী বেকার যুবকদের তালিকা উপজেলা যুব উন্নয়ন অফিসে প্রেরনের জন্য ইউপি চেয়রম্যান, মেয়র ও সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | ঋণ ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন ২০১৫-১৬ অর্থ বছরে রূপগঞ্জ উপজেলার ০৭টি ইউনিয়নের দরিদ্র "মা" এর জন্য মাতৃত্ব ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ইউনিয়ন প্রতি ৩১ জন করে মোট ২১৭ জন ভাতা ভোগীর বরাদ্দ পাওয়া গেছে। আগামী ১৫/১১/১৫ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে ইউনিয়ন পর্যায়ের চূড়ান্ত তালিকা ও কার্যবিবরণী প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | ইউপি চেয়ারম্যানগণকে দ্রুত তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, অপ্রধান শষ্য উৎপাদন সংরক্ষণ, বাজার জাতকরণ প্রকল্প (২য় পর্যায়) বিআরডিবি বাস্তবায়ন করছে। বাংলাদেশ কৃষি ব্যাংক ও বিআরডিবি সমঝোতা স্মারক অনুযায়ী উক্ত প্রকল্পে কৃষি ব্যাংক ঋণপ্রদান করবে। অপ্রধান শষ্য প্রকল্পে রবি মৌসুমে কৃষি ব্যাংককে ঋণ প্রদান করতে অনুরোধ জানান। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অপ্রধান শষ্য প্রকল্পে রবি মৌসুমে কৃষি ব্যাংককে ঋণ প্রদান করতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ব্যবস্থাপক কৃষি ব্যাংক (সকল) |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণের কাজ ভালভাবেই চলছে। তবে একজন ঠিকাদার তার কাজ এখনও ঠিকমত শেষ করতে পারেনি। উক্ত ঠিকাদারের সাথে একাধিকবার যোগাযোগ করেও তেমন অগ্রগতি হয়নি। উক্ত ঠিকাদারের বিষয়ে নির্বাহী প্রকৌশলীকে অবহিত করা হয়েছে। আশা করা যায় খুব শীঘ্রই বিষয়টি সামাধান করা যাবে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার জনান যে, আগামী ৭ নভেম্বর জাতীয় সমবায় দিবস উদ্‌যাপিত হবে। এতে মাননীয় জাতীয় সংসদ সদস্য প্রধান অতিথির আসন গ্রহণ করবেন মর্মে সভায় জানান। সকলকে সমবায় দিবসে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানান। তিনি বলেন, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সমবায় দিবসে সকলের উপস্থিতির বিষয়ে সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৬ | খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা বলেন সীমানা প্রাচীর না থাকায় নার্সারীর কার্যক্রম ব্যহত হচ্ছে। জমি নিচু হওয়ায় বৃষ্টির পানি জমে বেড ডুবে চারা গাছ মারা যায়। জমিতে মাটি ভরাট বা নার্সারীটি স্থানান্তরের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি, উপজেলা পরিষদ মিলনায়তনের পাশে উচু জমিতে নার্সারী স্থানান্তরের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদ মিলনায়তনের পাশে উচু জমিতে নার্সারী স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | এবাএখা | উপজেলা সমন্বয়কারী জানান যে, সঞ্চয় প্রাদান ও ঋণ প্রদানের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা সমন্বয়কারী |
| ১৯ | বিবিধ | চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ জনাব আবু হোসেন ভূঞা রানু বলেন, ঢাকা-সিলেট মহাসড়কের ভূলতা গোলাকান্দাইল অংশে নির্মিতব্য উড়াল সেতুর নাম পর পর দুই বার বিপুল ভোটে নির্বাচিত সংসদ সদস্য রূপগঞ্জের জনমানুষের নেতা মহান স্বাধীনতা যুদ্ধের খেতাব প্রাপ্ত বীর সেনানী গোলাম দস্তগীর গাজী, বীর প্রতিক, এর নামে নামকরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। বিপুল করতালির মধ্যে সভায় উপস্থিত সকলে এপ্রস্তাবকে সমর্থন করে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান। | প্রস্তাবিত উড়াল সেতুর নাম গোলাম দস্তগীর গাজী, বীর প্রতিক, এর নামে নামকরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

25-10-15

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০৯.১৩-৭৮ তারিখ: ২৫/১০/ ২০১৫।

**সদয় জ্ঞাতার্থেঃ-**

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

**অবগতি ও কার্যার্থে ঃ**

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ..........................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম.......................................................................................।

২৫/১০/২০১৫

উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।